



তথ্যবিবরণী

নম্বর-০৩৬

ক্ষতিগ্রস্ত নগর ভবন পরিদর্শনে রাসিক প্রশাসক ও আরএমপি কমিশনার

রাজশাহী; ২৬ ভাদ্র (১০ সেপ্টেম্বর):

রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর এবং রাজশাহী মেট্রোপলিটন পুলিশের নবনিযুক্ত কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান ক্ষতিগ্রস্ত নগর ভবন পরিদর্শন করেন।

মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) বেলা সাড়ে এগারোটায় নগর ভবনের ১ম হতে ১০ম তলা পর্যন্ত বিভিন্ন ক্ষতিগ্রস্ত কক্ষ পরিদর্শন করেন তাঁরা। পরিদর্শন শেষে নগর ভবনে সচিবের দপ্তরে এক মতবিনিময় সভায় অংশ নেন।

রাসিক প্রশাসক বলেন, রাজশাহী মহানগরীকে আবর্জনামুক্ত, ব্যানার, বিলবোর্ড, অবৈধ দখলমুক্ত করা সকলের দায়িত্ব। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি রাজশাহী মহানগরীর সড়ক, গাছ, দৃষ্টিনন্দন সড়কবাতির খুঁটিসহ বিভিন্ন স্থাপনায় যত্রতত্র ব্যানার, পোস্টার, ফেস্টুন লাগাচ্ছেন যা দণ্ডনীয় অপরাধ। মহানগরীর বিভিন্ন স্থানে যারা ব্যানার, পোস্টার, ফেস্টুন লাগিয়েছেন তাদেরকে অতিদ্রুত তা নিজ দায়িত্বে সরিয়ে নিতে অনুরোধ জানান তিনি।

এ সময় রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিন, সচিব মোবারক হোসেনসহ রাসিকের বিভিন্ন শাখার কর্মকর্তা ও পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/২০২৪/১৬.৩০ ঘ.